



# সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

## Social Development Foundation (SDF)

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত সংস্থা

স্মারক নং-এসডিএফ/এমডি/ ইনোভেশন/২০২৩/৩৭৬১

তারিখ: ০১ অগ্রহায়ণ, ১৪৩০  
১৬ নভেম্বর, ২০২৩

বরাবর

আঞ্চলিক পরিচালক (আরইএলআই প্রজেক্ট), প্রকল্প সমন্বয়কারী (এসসিএমএফপি), ম্যানেজার (সিপিএসপি)।  
সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)।

**বিষয়: এসডিএফ এর জেলা, আঞ্চলিক এবং জাতীয় পর্যায়ে হতে পাইলটিং এর নিমিত্ত উদ্ভাবনী ধারণা (Innovative Idea) সংগ্রহ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) এর ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক সেবা সহজীকরণের নিমিত্ত জেলা, আঞ্চলিক এবং জাতীয় পর্যায়ে থেকে উদ্ভাবনী ধারণা সংগ্রহের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রাপ্ত ধারণাগুলো পাইলটিং এর জন্য অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হবে। তাছাড়া গত ১৫/১১/২৩ তারিখে অনুষ্ঠিত এসডিএফ এর ইনোভেশন টিমের ২০২৩-২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক সভায় সেবা/ অফিস ব্যবস্থাপনা সহজীকরণ/ ডিজিটাইজেশনের জন্য এসডিএফ এর সকল পর্যায়ে হতে উদ্ভাবনী ধারণা আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। উদ্ভাবনী ধারণা প্রদানের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ:-

- ক) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ ও ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলার সাথে সংশ্লিষ্ট সেবাসমূহের বিষয়ে উদ্ভাবনী ধারণাকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- খ) অন্যান্য প্রতিষ্ঠানে যেসব সেবা প্রদান করা হয় কিন্তু আমাদের প্রতিষ্ঠানে চলমান নেই সেসব বিষয়ে ধারণা দেয়া যেতে পারে।
- গ) এসডিএফ এর বিভিন্ন প্রকল্প কর্তৃক প্রদত্ত সেবাসমূহ সহজীকরণ বিষয়েও উদ্ভাবনী ধারণা নির্বাচন করা যেতে পারে।

৩) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অর্থ বছর এর আওতায় “সেবা সহজীকরণের” নিমিত্ত আগামী ২২/১১/২৩ তারিখের মধ্যে আপনাদের নিকট থেকে উদ্ভাবনী ধারণার তথ্যাদি সংযুক্ত ছক মোতাবেক Nikosh Font এ পূরণ করত: সফট কপি শুধুমাত্র ই-মেইল [innovation.sdf@gmail.com](mailto:innovation.sdf@gmail.com) এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহ এসডিএফ ইনোভেশন টিম কর্তৃক যাচাই বাছাই করে চলতি অর্থবছরে পাইলটিং এর জন্য হুড়াস্ত করা হবে।

এ বিষয়ে কোন জিজ্ঞাস্য থাকলে বা কোন ধরনের সহযোগিতার প্রয়োজন হলে ব্যবস্থাপক,সিপিএসপি ও সদস্য সচিব, ইনোভেশন টিম, এসডিএফ, প্রধান কার্যালয় এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

বিষয়টি অতীব জরুরী।

ধন্যবাদান্তে,

(মো: গোলাম ফারুক)

পরিচালক, অপারেশন্স, এসডিএফ

সংযুক্তি: উদ্ভাবনী ধারণা ছক।

সদয় জ্ঞাতার্থে:

ব্যবস্থাপনা পরিচালক, এসডিএফ।

অনুলিপি:

১. পরিচালক, অর্থ ও ক্রয়, এসডিএফ।
২. মহাব্যবস্থাপক (সকল), এসডিএফ।
৩. উপ-মহাব্যবস্থাপক (সকল), এসডিএফ।
৪. ব্যবস্থাপক(সকল), এসডিএফ।
৫. অফিস কপি।